CAREERINDIA

# SAMPLE QUESTION PAPER OF CLASS X

# SESSION - 2017 - 2018

# SUBJECT - BENGALI

# CODE - 005

www.careerindia.com

CAREERINDIA

- Please check that this question paper contains 8 printed pages.

**The Question Paper is divided into four Sections**

**SECTION - A : Reading (Comprehension)**

**SECTION - B : Writing (Composition)**

**SECTION - C : Grammar**

**SECTION - D : Literature**

www.careerindia.com

CAREERINDIA

# Class - X (2017 - 18)
## Subject - Bengali

সময় – ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক – ৮০

**Time : 3 Hrs.** | **Maximum Marks - 80**

### Section - A (Reading Comprehension)
বোধ পরীক্ষণ

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ **1×5 = 5**

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের খাজাঞ্চির কাজ করতেন যদুনাথ চট্টোপাধ্যায়। ঠাকুরবাড়ির সঙ্গে তাই তাঁর ভালমতোই যোগাযোগ ছিল। তাঁর মামাতো ভাইয়ের আর্থিক অসচ্ছলতার জন্য পড়াশোনা যখন সংকটের মুখে, তখন যদুনাথ ভাইকে নিয়ে যান রবীন্দ্রনাথের কাছে, কিছু সাহায্যের প্রার্থনা নিয়ে। রবীন্দ্রনাথ তৎক্ষণাৎ সেই দরিদ্র বালকের লেখাপড়ায় সহায়তা করেছিলেন তার জন্য মাসিক বৃত্তির ব্যবস্থা করে। ভেবে অবাক হই, সেই বালকের চেয়ে রবীন্দ্রনাথ ছিলেন মাত্রই ছয় বছরের বড়। এই দরিদ্র বালক আর কেউ নয়, হরিচরণ বন্দ্যোপাধ্যায় । হরিচরণ নিজেই এই বৃত্তান্ত বর্ণনা করেছেন তাঁর আত্মকথায় । এই বৃত্তি হরিচরণের কাছে প্রায় ঈশ্বরপ্রেরিত। তিনি লিখেছেন – 'কবির প্রদত্ত এই বৃত্তি আমাকে কত যে আনন্দ, কত উৎসাহ, কত আশা দিয়েছিল, তাহা অনুমানেরই বিষয়, বলিবার নয়। ...ভবিষ্যৎ জীবনে যাহা-কিছু বিদ্যালাভ হইয়া ছিল এই বৃত্তিই তাহার ভিত্তি।' সেদিনের সেই দরিদ্র বালককেই বছর পঁচিশেক পরে রবীন্দ্রনাথ মনোনীত করেন 'বাংলায় একখানি অভিধান' রচনার উপযুক্ত ব্যক্তি হিসেবে। হরিচরণ তখন 'সংস্কৃত প্রবেশ' নামে একটি সহজ সংস্কৃত প্রবেশিকা রচনা করছিলেন, ওই পুস্তকটির রচনায় রবীন্দ্রনাথেরও হাত ছিল, পরিকল্পনা ছিল।

a) যদুনাথ চট্টোপাধ্যায় কি কাজকরতেন ?

b) যদুনাথ চট্টোপাধ্যায় তার মামাতো ভাইকে কার কাছে নিয়ে গিয়েছিলেন ?

c) হরিচরণ বন্দ্যোপাধ্যায়কে কবি কিভাবে সাহায্য করেন ?

d) হরিচরণ বন্দ্যোপাধ্যায় রচিত কোন্ গ্রন্থে কবির পরিকল্পনা ও হাত ছিল ?

e) চলিত ভাষায় লেখ ঃ
ভবিষ্যৎ জীবনে যাহা কিছু বিদ্যালাভ হইয়াছিল, এই বৃত্তিই তাহার ভিত্তি।

**2.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ **1×5 = 5**

যজ্ঞ – আর্য জাতির প্রধান সামাজিক অনুষ্ঠান যজ্ঞ। দেবতার উদ্দেশে কোন দ্রব্য দান করার নাম যজ্ঞ।



www.careerindia.com

CAREERINDIA

ব্রাহ্মণগ্রন্থগুলি মুখ্যতঃ যজ্ঞের বিবরণে পরিপূর্ণ। কোন যজ্ঞে কি অনুষ্ঠান কর্তব্য, তা ব্রাহ্মণগ্রন্থে বিবৃত আছে। ইন্দ্র, অগ্নি, বিষ্ণু, রুদ্র ইত্যাদি বৈদিক দেবতার উদ্দেশে কোন না কোন দ্রব্য ত্যাগ করা হোত। ত্যাগ কর্মের নাম আহূতি। যে দ্রব্য ত্যাগ করা হোত, তার নাম হব্য। নানাবিধ দ্রব্য হব্য রূপে দেওয়া হোত। যেমন - ঘৃত, চরু বা পায়সান্ন, দুগ্ধ, দধি, পুরোডাশ বা রুটি, পশু মাংস, সোমলতার রস ইত্যাদি। এই দ্রব্য-ত্যাগের নাম যাগ। যে গৃহস্থের হিতার্থে যাগ অনুষ্ঠিত হোত, তিনি যজমান। যিনি যজমানের হিতার্থে এই যাগকর্ম সম্পাদন করতেন তিনি যাজক বা ঋত্বিক। যাগকর্মের প্রায় প্রত্যেক অনুষ্ঠানই মন্ত্র উচ্চারণপূর্বক করতে হোত। প্রত্যেক কর্মেরই নির্দিষ্ট মন্ত্র ছিল।

**a)** 'যজ্ঞ' কাকে বলা হয় ?

**b)** 'যজ্ঞ' অনুষ্ঠানে হব্য কাকে বলা হয় ?

**c)** কি কি দ্রব্য 'হব্য' রূপে দেওয়া হত ?

**d)** 'ঋত্বিক' কাকে বলা হত ?

**e)** সন্ধি বিচ্ছেদ কর ঃ (যে কোন একটি)
পায়েসান্ন, যজ্ঞ

**3.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ **1×5 = 5**

জলের মধ্যে বৈঠার আওয়াজে ওদের স্বপ্ন ভঙ্গ হয়। এইটু পরেই জল কেটে একটা বড়সড় নৌকাকে আসতে দেখে ওরা। বেশ বড় গাছের গুঁড়ি কেটে তৈরি নৌকা। বৈঠাগুলো কিন্তু যে ছড়ি নিয়ে লোকে হাঁটে - তার চেয়ে বড় নয়। বৈঠা চালিয়ে পদ্মফুল তুলতে তুলতে এগিয়ে আসছে এক যুবতী। একরাশ ঢল নামা গাঢ় বাদামি চুল, গভীর কালো চোখ। কিন্তু অস্বাভাবিক ফ্যাকাশে রং। ফ্যাকাশে - ঠিক ধূসর নয়, বরংহাল্কা গোলাপি আভা মেশানো। গলা এবংমুখের রংও এক রকম। ঠোঁটদুটো অস্বাভাবিক লাল। সাদা লিনেনের কাঁচুলি পরা, চামড়ার বেল্ট, তাতে সোনালি আংটা। ঘন নীল রঙের স্কার্ট-এ লাল সুতোর কাজ। ও ফুল তুলতে তুলতে ফেরারিদের কাছ থেকে দূরে চলে যায়। ওদের না দেখেই। ওরা প্রায় নিঃশ্বাস বন্ধ করে বসে ছিল, পাছে ওদের দেখে ফেলে, সেই ভয়ে নয় - ওরা যেন ওই যুবতীকে কোনও অসুবিধায় না ফেলে, সেই ভয়ে। যুবতী চলে গেলে পাথরের মূর্তিদুটো আবার মানুষ হয়ে যায় আর হাসতে থাকে।

**a)** বৈঠা চালিয়ে যুবতী কি তুলতে তুলতে এসেছিল ?

**b)** চামড়ার বেল্টে কি লাগানো আছে ?

**c)** কোথায় লাল সুতোর কাজকরা আছে ?

**d)** যুবতী চলে গেলে পাথরের মূর্তি দুটো কি করে ?

**d)** 'অস্বাভাবিক' শব্দটি দিয়ে একটি বাক্য রচনা কর।

www.careerindia.com

CAREERINDIA

## Section - B

নির্মিতি (রচনা)

**Writing (Composition)**

4. পুজোর সময় নিজের নতুন জামাকাপড় কেনার পরিবর্তে পথশিশুদের মধ্যে নতুন জামা বিতরণের অনুরোধ জানিয়ে তোমার বাবাকে একটি চিঠি লেখ। **5**

অথবা

তোমার বন্ধু এক সর্বভারতীয় সংগীত প্রতিযোগিতায় বিশেষ সাফল্য অর্জন করেছে। তাকে অভিনন্দন জানিয়ে একটি পত্র রচনা কর।

5. নীচের যে কোন একটি বিষয় অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা কর ঃ **1×5 = 5**

a) তোমার জীবনে অনুপ্রেরণার উৎস।

b) আত্মবিশ্বাস ভালো কিন্তু অতিরিক্ত আত্মবিশ্বাস পতনের কারণ।

c) আধুনিক জীবনে বিজ্ঞাপনের প্রভাব।

## Section - C

ব্যাকরণ

**(Grammar)**

6. প্রয়োজন মত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর ঃ (যে কোন ৫টি) **1×5 = 5**

| | | |
|---|---|---|
| দুঃ + তর | দিগ্‌বিজয়ী | জগৎ + নাথ |
| সরোজ | মৃত্যুম্ + জয়ী | নিঃ + কৃতি |
| নিরানন্দ | নভস্তল। | |

7. ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ ঃ (যে কোন ৫টি) **1×5 = 5**

| | | |
|---|---|---|
| দীনদরিদ্র | মিষ্টান্ন, | উপকথা |
| গুরুশিষ্য | প্রাণীবিদ্যা | প্রশাখা |
| নদনদী | প্রতিকূল | |

8. নির্দেশানুসারে বাক্য পরিবর্তন কর ঃ (যে কোন পাঁচটি টি) **1×5 = 5**

a) বৃষ্টি হওয়ায় খেলা হয়নি। (যৌগিক বাক্য)



www.careerindia.com

CAREERINDIA

b) তিনি কাজটি শেষ করলেন এবংচলে গেলেন। (সরল বাক্য)

c) পরীক্ষায় ভালো ফল করেছ তাই তোমাকে এই বইটি উপহার দিলাম। (জটিল বাক্য)

d) যে কাজআরম্ভ করেছ তা শেষ কর। (সরল বাক্য)

e) ভয় পেলে ঈশ্বরকে স্মরণ কর । (জটিল বাক্য)

f) মাহেশের রথের মেলায় রথ দেখে আনন্দ পেলাম। (যৌগিক বাক্য)

9. নির্দেশ অনুসারে সাধু অথবা চলিত রীতিতে পরিবর্তন কর ঃ (যে কোন ৫টি) 1×5=5

a) সন্ধ্যার কিছু পরেই মেয়েটি চোখ খুলিয়াছিল। (চলিত ভাষা)

b) আমার কথাটি সে শুনল। (সাধু ভাষা)

c) সে বোকার মতো দাঁড়িয়েছিল। (সাধু ভাষা)

d) তিনি চলিয়া গেলেন। (চলিত ভাষা)

e) তুমি কি ভাবছ ? (সাধু ভাষা)

f) তিনি সভায় উপস্থিত হইলেন। (চলিত ভাষা)

## Section - D

সাহিত্য (পাঠ্যপুস্তক, সহায়ক পুস্তক)

**Literture (Text book & Supplementary Reader)**

10. ''বলতে বলতে সিঁড়ি থেকে নেমে গেলেন বিরাগী।''

a) বিরাগীর পরিচয় দাও।

b) বিরাগী কাকে কি কি উপদেশ দিয়েছিলেন ? 2+3=5

অথবা

''মাসখানেক পরেই কিন্তু চাকরিটা গেল তাঁর।''

a) কার, কোন্ চাকরি চলে গেল ?

b) এই চাকরি কে পাইয়ে দিয়েছিলেন ও তাঁর চাকরি যাওয়ার কারণ কি ?

11. ''এর প্রত্যেকটি লাইন তো নতুন আনকোরা, তপনের অপরিচিত।''

a) তপনের কি অপরিচিত লাগল ?

b) অপরিচিত লাগার কারণ কি ?

c) এরপর তপনের যে অনুভূতি হয় ও সংকল্প করে তা নিজের ভাষায় লেখ। 1+1+3=5

অথবা



www.careerindia.com

“কাকাবাবু, এ লোকটিকে আপনি কোনো কথা জিজ্ঞাসা না করেই ছেড়ে দিন, যাকে খুঁজছেন সে যে এ নয়, .....”

a) বক্তা কে ও বক্তা কাকে কাকাবাবু বলেছে ?

b) কাকাবাবু কাকে খুঁজছিলেন ?

c) বক্তা কেন এইরূপ মন্তব্য করে ?

12. সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) যে কোন পাঁচটি। 1×5 = 5

a) কোন পত্রিকায় তপনের গল্প প্রকাশিত হয়েছিল ?

i) সন্ধ্যাতারা

ii) শুকতারা

iii) সন্দেশ

b) আলোবাবুকে সবাই কি বলে ডাকত ?

i) বাবু

ii) পটল

iii) আলুবাবু

c) হরিবাবু কোন্ সাজে স্কুলের চারটি ছেলেকে ধরেছিলেন ?

i) বাউল

ii) পুলিশ

iii) কাপালিক

d) অপূর্বর বাবা কার চাকরি করে দেন ?

i) নিমাইবাবুর

ii) গিরিশবাবুর

iii) সব্যসাচীর

e) ডাক্তারবাবু পাখির ছানাটিকে কোন্ ওষুধ লাগিয়েছিলেন ?

i) বোরোলীন

ii) অ্যাসিড

iii) টিংচার আয়োডিন

f) জগদীশবাবুর বাড়িতে যে সন্ন্যাসী এসেছিলেন তিনি কি খান ?

i) বছরে একটি হরীতকী

www.careerindia.com

CAREERINDIA

ii) মাসে একটি হরীতকী

iii) দিনে একটি হরীতকী

g) অপূর্বর মন কোথায় টিঁকছিল না ?

i) রেঙ্গুনে

ii) ভারতে

iii) চীনে

h) তপনের লেখা গল্পটির নাম কি ?

i) দ্বিতীয় দিন

ii) প্রথম দিন

iii) তৃতীয় দিন

i) অবিনাশবাবুর শিশুপুত্রটির নাম কি ?

i) তিনু

ii) বিনু

iii) টিনু

j) তপনের ছোটমাসির বিয়ে কার সঙ্গে হয়েছিল ?

i) বিদ্যালয়ের শিক্ষকের সঙ্গে

ii) সাংবাদিকের সঙ্গে

iii) লেখকের সঙ্গে

13. ‘‘আয় আরো বেঁধে বেঁধে থাকি।’’

a) কোন্ পরিস্থিতিতে, কাদের জন্য এই আহ্বান ?

b) ‘বেঁধে বেঁধে থাকি’ - বলার কারণ কি ? 2+3=5

অথবা

‘‘সকালে প্রভাতফেরির সঙ্গে
ভোরের আজান
একাকারে মিলিয়ে যাচ্ছে।’’

a) ‘প্রভাত ফেরি’ ও ‘ভোরের আজান’ - এর অর্থ কি ?

b) উদ্ধৃত অংশের তাৎপর্য লেখ।

www.careerindia.com

CAREERINDIA

14. প্রসংগসহ ব্যাখ্যা লেখ ঃ 5

‘‘তিনপাহাড়ের নক্‌শীকাঁথায় শিশুর কলরব।’’

অথবা

‘‘আমার শুধু একটা কোকিল

গান বাঁধবে সহস্র উপায়ে।’’

15. ‘‘সূর্যের বরপুত্র শিলাদিত্য অস্ত গেলেন।’’

i) শিলাদিত্যের পূর্বনাম কি ছিল ?

ii) কাদের সঙ্গে তাঁর শেষ যুদ্ধ হয়েছিল ?

iii) সেই যুদ্ধে কেন শিলাদিত্যের মৃত্যু হয় ? 1+2+2 = 5

অথবা

‘‘হা রে, কোথায় রে, তোদের নতুন রাজা ?’’

i) বক্তা কে ?

ii) নতুন রাজার নাম কি ? তাকে কারা নিয়ে এসেছিল ?

iii) নতুন রাজাকে কিভাবে রাজপদে অভিষিক্ত করা হয়েছিল ?

16. একটি বাক্যে উত্তর দাও ঃ (যে কোন পাঁচটি) 1×5 = 5

a) কমলাবতীর নাতির নাতি বৃদ্ধ রাজপুরোহিতের হাতে গোহের বংশের কোন্ রাজকুমারকে মহিষী সঁপে দিয়েছিলেন ?

b) গুর্জর দেশের ব্রাহ্মণ দেবাদিত্যের কন্যার নাম কি ?

c) আদিত্যশীলার বৈশিষ্ট্য কি ?

d) গোহ কোন্ বংশের রাজা ছিলেন ?

e) কোন্ মহর্ষি বাপ্পাদিত্যকে আশীর্বাদ করে বলেছিলেন ‘‘পৃথিবীর রাজা হও’’ ?

f) অন্ধকার গুহায় কার জন্ম হয় ?

g) বৃদ্ধ পুরোহিত কত ওজনের পিতলের প্রদীপে সূর্যদেবের আরতি করতেন ?

h) বাপ্পাদিত্যের দুই ভীল ভাই-এর নাম লেখ।

i) বাপ্পাদিত্যের বংশ-পরিচয় কোথায় রাখা ছিল ?

—※—



www.careerindia.com